# বিপিএটিসি স্কুল এন্ড কলেজ
সাভার, ঢাকা।
website: www.bpatcsc.org

তারিখ: ৩০ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ
১৫ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ

## নোটিশ-২০২৬/৪৮

বিপিএটিসি স্কুল এন্ড কলেজের শিক্ষার্থী, শিক্ষকমণ্ডলী, অভিভাবক ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিপিএটিসি স্কুল এন্ড কলেজ কর্তৃক আয়োজিত 'জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬' যথাযথভাবে উদযাপন উপলক্ষ্যে নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচিতে অংশগ্রহণ ইচ্ছুক শিক্ষার্থীদের সংশ্লিষ্ট উপ-কমিটি/শ্রেণি শিক্ষকের নিকট যোগাযোগ করতে বলা হলো।

| তারিখ, সময় ও স্থান | গ্রুপ | শ্রেণি | প্রতিযেগিতার বিষয় | |
|---|---|---|---|---|
| ০৫/০৮/২০২৬<br>সকাল ০৯:০০টা থেকে ১০:০০টা<br>কলেজ ভবন (জি-১, জি-২ ও জি-৩) | 'ক'-গ্রুপ | প্রথম শ্রেণি ও দ্বিতীয় শ্রেণি | চিত্রাংকন | জুলাই গণঅভ্যুত্থানের শহিদদের স্মরণে-আমার ছবি |
| | 'খ'-গ্রুপ | তৃতীয় শ্রেণি ও চতুর্থ শ্রেণি | | |
| | 'গ'-গ্রুপ | পঞ্চম শ্রেণি ও ষষ্ঠ শ্রেণি | | |
| ০৫/০৮/২০২৬<br>সকাল ০৯:০০টা থেকে ১০:০০টা<br>কলেজ ভবন (এস-৩) | 'ক'-গ্রুপ | সপ্তম শ্রেণি ও অষ্টম শ্রেণি | রচনা | জুলাই গণঅভ্যুত্থানের তাৎপর্য |
| | 'খ'-গ্রুপ | নবম শ্রেণি ও দশম শ্রেণি | | জুলাই গণঅভ্যুত্থান ও তরুণ সমাজের ভূমিকা |
| | 'গ'-গ্রুপ | একাদশ শ্রেণি ও দ্বাদশ শ্রেণি | | একটি বৈষম্যহীন ও সমৃদ্ধবাংলাদেশ গঠনে জুলাই গণঅভ্যুত্থানের ভূমিকা |
| ০৫/০৮/২০২৬<br>সকাল ০৯:০০টা থেকে ১০:০০টা<br>কলেজ ভবন (এস-২) | 'ক'-গ্রুপ | সপ্তম শ্রেণি ও অষ্টম শ্রেণি | কবিতা আবৃত্তি | শহীদ আবু সাঈদ স্মরণে-<br>মোঃ আবু বকর |
| | 'খ'-গ্রুপ | নবম শ্রেণি ও দশম শ্রেণি | | বিদ্রোহী-<br>কাজী নজরুল ইসলাম |
| | 'গ'-গ্রুপ | একাদশ শ্রেণি ও দ্বাদশ শ্রেণি | | নতুন সূর্যোদয়-<br>আনওয়ারুল কবীর বুলু |
| ০৫/০৮/২০২৬<br>সকাল ০৯:০০টা থেকে ১০:০০টা<br>কলেজ ভবন (এস-৪) | 'ক'-গ্রুপ | সপ্তম শ্রেণি ও অষ্টম শ্রেণি | কুইজ | জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কিত সাধারণ জ্ঞান, ইতিহাস ও ঘটনাপ্রবাহ |
| | 'খ'-গ্রুপ | নবম শ্রেণি ও দশম শ্রেণি | | |
| | 'গ'-গ্রুপ | একাদশ শ্রেণি ও দ্বাদশ শ্রেণি | | |
| ০৫/০৮/২০২৬<br>সকাল ১০:০০টা থেকে ১১:০০টা<br>কলেজ ভবন (এস-১) | সকল শিক্ষার্থী, শিক্ষক ও কর্মচারীবৃন্দ | | আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান। | |

(ড. মোঃ রওশন জামাল)
পরিচালক (উপসচিব)
বিপিএটিসি, সাভার, ঢাকা।
ও
অধ্যক্ষ (অ.দা.)
বিপিএটিসি স্কুল এন্ড কলেজ
সাভার, ঢাকা।

অবগতির জন্য ঃ

০১। স্কুল এন্ড কলেজের সকল শ্রেণি ।
০২। ওয়েবসাইট।

**শহীদ আবু সাঈদ স্মরণে**

**মুহম্মদ আবু বকর**

একটু বাড়ি ফেরার তাড়া ছিল হয়তো
হয়তো ভেবেছিল গাড়ি পাবে না শেষে
সব গাড়ি ছেড়ে যাবে
আর তাছাড়া কে না জানে
অ্যাম্বুলেন্স সবচেয়ে তাড়াতাড়ি বাড়ি পৌঁছতে পারে
সবাই তাকে পথ ছেড়ে দেয়।

হয়তো বাড়িতে চাল ফুরিয়ে গিয়েছিল
টিউশনের টাকা দিয়ে চাল কিনে দিতে হবে বাড়িতে
তাই তাড়াতাড়ি বাড়ি যেতে হবে
যদিও ভাঙা মাস; তবু কিছু টাকা স্টুডেন্টের মায়ের কাছে
চেয়ে নিয়ে তার বাড়ি যাবার তাড়া ছিল।

তাই সে দাঁড়িয়েছিল বুলেটের সামনে
কারণ সে জানতো বুলেটের সামনে দাঁড়ালেই অ্যাম্বুলেন্স
পাওয়া যাবে
আর কে না জানে?
অ্যাম্বুলেন্স সবচেয়ে তাড়াতাড়ি বাড়ি পৌঁছতে পারে
সবাই তাকে পথ ছেড়ে দেয়।

**আনওয়ারুল কবীর বুলু**

**নতুন সূর্যোদয়**

ভীষণ দুর্বিপাকে ছিলাম
পাইনি খুঁজে মিত্র
আমজনতা দেখলো সেদিন
আন্দোলনের চিত্র।

ঝলসে ওঠে আলোর ছটা
থমকে থাকে রথে
অযুত তরুণ স্বাধীকারে
নামলো যে রাজপথে

দৃপ্ত শপথ ছিলো তাঁদের
দৃঢ় অঙ্গীকার
একদফাতে ঐকমত্য
সব যে একাকার

আগুনমুখো কিশোরকন্যার
উড়লো কাজল কেশ
মুহুর্মুহু স্লোগানে
যে তপ্ত পরিবেশ!

চাদ্দিকেতে আওয়াজ ওঠে
হৃদয়প্রদীপ জ্বালো
অমানিশায়
সব ঢেকে যায়
আঁধার ঘনকালো!

পথের মাঝে পথ হারালেও
সামনে থাকে পথ
গুলির তোড়ে ছিটকে পড়ে
বাংলা মায়ের নথ!

রক্তগোলাপ হয় যে গাঢ়
যায় হারিয়ে সুবাস
যত্রতত্র থাকে পড়ে
আমার ভায়ের লাশ!

লাশের পরে লাশ!
নতুন করে লেখা হবে
বিজয়ইতিহাস।

দুধকুমার গো উজানে যাও
করো ছলাতছল
দোহাই মাগো আর কেঁদো না
বাঁধো চোখের জল।